

সম্পূরক পরীক্ষা চালুর দাবিতে ঢাবি উপাচার্যকে স্মারকলিপি

১৮ জুলাই ২০১৯ ০১:২৪

আপডেট: ১৮ জুলাই ২০১৯ ০১:২৪



আমাদের মমতা

সম্পূরক পরীক্ষা পদ্ধতি চালুসহ দুই দফা দাবিতে উপাচার্যকে স্মারকলিপি দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষার্থীরা। গতকাল দুপুর ২টার দিকে গণিত বিভাগের শিক্ষার্থীরা উপাচার্যের বাসভবনে এ স্মারকলিপি দেন। আরেকটি দাবি হলোঁ প্রথম বর্ষ সমাপনীতে যারা অকৃতকার্য হয়েছেন, তাদের জন্য শুধু ওই কোর্সগুলোতে বিশেষ পরীক্ষার ব্যবস্থা করা।

শিক্ষার্থীরা জানান, এ বছর গণিত বিভাগের প্রথম বর্ষ সমাপনী পরীক্ষায় ৭০ শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে। ২০১৭-১৮ সেশনের প্রথম বর্ষের লিখিত পরীক্ষা শেষ হয়েছিল গত বছরের ডিসেম্বরের ১৭ তারিখে। পরীক্ষার দুই মাসের মধ্যে ফল প্রকাশের নিয়ম থাকলেও প্রায় সাত মাস পর তা প্রকাশ করা হয়। কর্তৃপক্ষ অকৃতকার্যদের দ্বিতীয় বর্ষে ওঠারও সুযোগ দেবে না। ফলে তাদের আবার প্রথম বর্ষে ভর্তি হয়ে ক্লাস করে সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

এদিকে ২০১৮-১৯ সেশনের প্রথম বর্ষ সমাপনী পরীক্ষা শুরু হবে আগামী ২২ আগস্ট থেকে। এই অল্প সময়ের মধ্যে অকৃতকার্য শিক্ষার্থীরা ভর্তি কার্যক্রম সম্পন্ন করে পরীক্ষার প্রস্তুতি নিতে পারবে না বলে জানান শিক্ষার্থীরা। এ কারণে তারা বিষয়টি বিবেচনার জন্য উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছেন।

স্মারকলিপি প্রদান করার সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমরা ডিনদের সঙ্গে শিগগিরই এ বিষয়ে আলোচনা করব। আগস্টের শেষ দিকে সিদ্ধান্ত জানানো হবে।

স্মারকলিপি প্রদানকালে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সঞ্জিত চন্দ্র দাস, ডাকসুর এজিএস ও ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদাম হোসেন। এর আগে বিজ্ঞান অনুষদের এ শিক্ষার্থীরা রাজু ভাস্কর্যে মানববন্ধন করেন।

advertisement